


বাগেরহাট, বগুড়া, যশোর, খুলনা, মুন্সিগঞ্জ, নওগাঁ, নাটোর, নীলফামারী, রাজশাহী, শরিয়তপুর, বরিশাল, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চুয়াডাঙ্গা, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, গাইবান্ধা, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, ঝিনাইদহ, জয়পুরহাট, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লক্ষীপুর, মাদারিপুর, মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর, মৌলভীবাজার, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, পাবনা, পঞ্চগড়, পিরোজপুর, সাতক্ষীরা, শেরপুর, সিরাজগঞ্জ, সিলেট, টাঙ্গাইল ও ঠাকুরগাঁ জেলার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

প্রকাশের তারিখ : ২২ ফেব্রুয়ারি, ২০২০



উপরিলিখিত জেলা সমূহে আগামী ২৫-২৬ ফেব্রুয়ারি, ২০২০ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দন্ডায়মান ফসলের উপর এ বৃষ্টিপাত প্রভাব ফেলতে পারে। বৃষ্টিপাতের ক্ষতির হাত থেকে ফসলকে রক্ষার জন্য নিম্নোক্ত জরুরি কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ দেয়া হলো:

১. দন্ডায়মান ফসলের উপর সেচ, সার এবং বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
২. দ্রুত পরিপক্ক সবজি, আলু, মসুর, সরিষা এবং ফল সংগ্রহ করুন অন্যথায় ফসল সংগ্রহ ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত বন্ধ রাখুন।
৩. বৃষ্টির সহিত মেঘলা আকাশ বিরাজমান থাকলে গমে ব্লাস্ট রোগ হওয়ার সম্ভাবনা থাকে। ব্লাস্ট রোগ দেখা দিলে প্রতি শতকে ৬ গ্রাম হারে নাটিভো ৭৫ ডব্লিউজি প্রয়োগ করুন।
৪. চীনাবাদাম, ভুট্টা, সরিষা, মসুর এবং আলুর জমিতে যাতে পানি জমতে না পারে সেজন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন।
৫. মূল জমিতে সম্প্রতি রোপণ করা বোরো ধানের চারপাশের আইল উচু করে দিন যাতে বৃষ্টির পানি দন্ডায়মান চারা গাছের ক্ষতি না করতে পারে।
৬. বোরো ধানের জমিতে পানির স্তর বজায় রাখার জন্য ধানের বৃদ্ধি থেকে কুশি পর্যায় পর্যন্ত বৃষ্টির পানি ব্যবহার করুন।
৭. দন্ডায়মান ফসল এবং সবজিতে খুঁটির ব্যবস্থা করুন।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
 সরেজমিন উইং, খামারবাড়ি, ঢাকা-১২১৫  
 (www.dae.gov.bd)

স্মারক নং-১২.১০.০০০০.০০৪.৯৯.১১৬.১৮/২৬৭(৫০)

তারিখ: ২৩/০২/২০২০ খ্রি:

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... অঞ্চল (সকল)।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... জেলা (সকল)।

পত্রের মর্মান্বয়ী বাংলাদেশ আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর কেন্দ্র হতে প্রাপ্ত “ফেব্রুয়ারী ২০২০ এর “বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ” বিষয়ক পত্রটি আপনার অধিনস্থ উপজেলা কৃষি অফিস ও মাঠ পর্যায়ে প্রেরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
 মুক্কে-পরিচালক  
 ফোনঃ ৯১৩৪৫৯  
**শাহ মোহাম্মদ আকরুল হক**  
 অতিরিক্ত পরিচালক (মনিটরিং ও বাস্তবায়ন)  
 সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
 মাস্টার।